



স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০২৪.৫৮.০০১.২১.৮৭২

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮

০২ ডিসেম্বর ২০২১

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির নিমিত্ত প্রচারণা সংক্রান্ত।

সূত্র: ০১/১২/২০২১ খ্রিঃ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জুম ভারুয়াল সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম খান মহোদয়ের সভাপতিত্বে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির নিমিত্ত প্রচারণার বিষয়ে গত ০১/১২/২০২১ খ্রিঃ তারিখে এক জুম ভারুয়াল সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় ছাত্র-ছাত্রী ভর্তির নিমিত্ত প্রচারণায় নিম্নে বর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়;

- ১। ৬৪টি পুরাতন টেকনিক্যাল স্কুল ও কলেজে ১টি করে এবং ৭০টি (৩৫+৩৫) নতুন টেকনিক্যাল স্কুল ও কলেজে ২টি করে (কমপক্ষে ১টি) বিলবোর্ড স্থাপন করতে হবে। বিলবোর্ড স্থাপনের জন্য ডিজাইন তৈরী করে প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।
- ২। সরবরাহকৃত নির্ধারিত ব্যানার প্রতিষ্ঠানে ও গুরুত্বপূর্ণ স্থানে টানাতে হবে।
- ৩। সরবরাহকৃত পোস্টার সরকারি-বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে এবং গুরুত্বপূর্ণ জনাকীর্ণ স্থানে লাগাতে হবে। প্রতিটি উপজেলার জন্য ৫০০টি পোস্টার সরবরাহ করা হবে।
- ৪। কারিগরি শিক্ষার গুরুত্ব ও সুযোগ সুবিধা বর্ণনা করে ছাত্র-ছাত্রী ভর্তির প্রচারণায় মাইকিং করতে হবে।
- ৫। শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান ও হাট-বাজারে সরবরাহকৃত লিফলেট বিতরণ করতে হবে।
- ৬। স্থানীয় ক্যাবল টিভি নেটওয়ার্কে বিজ্ঞাপন আকারে প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৭। ডিসেম্বর মাসের মাঝামাঝি সুবিধাজনক সময়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে র্য়ালীর আয়োজন করতে হবে।
- ৮। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে প্রচার করা যেতে পারে।
- ৯। নেতৃস্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ নিয়ে প্রচারণা সভার আয়োজন করা যেতে পারে।

এমতাবস্থায়, ২০২২ শিক্ষাবর্ষে সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে ছাত্র-ছাত্রী

ভর্তির নিমিত্ত প্রচারণার বিষয়ে বর্ণিত সিদ্ধান্তসমূহ আগামী ০৪/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



২-১২-২০২১

মোঃ মোশাররফ হোসেন

পরিচালক (পিআইইউ) ও রুটিন দায়িত্ব পরিচালক  
(ভোকেশনাল)

অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০২৪.৫৮.০০১.২১.৮৭২/১(১৬)

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮  
০২ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) প্রকল্প পরিচালক, “১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (বিশেষ সংশোধিত)” শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩) পরিচালক (প্রশাসন/ পিআইইউ/ পিআইডব্লিউ/ পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ৫) প্রকল্প পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬) আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ।
- ৭) পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৮) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সংশ্লিষ্ট উপজেলা)।
- ১০) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ১১) জেলা/উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, .....
- ১২) সহকারী পরিচালক- ১ ও ৬, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪) প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১৫) মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬) সংশ্লিষ্ট নথি।



২-১২-২০২১

মহিউদ্দিন আহাম্মদ  
সহকারী পরিচালক